BRITANNIA

5th April, 2021

1. The Secretary
BSE Limited
Phiroze Jeejeebhoy
Towers, Dalal Street
Fort, Mumbai - 400 001

2. The Manager
Listing Department
National Stock Exchange of India Limited
Exchange Plaza, 5th Floor
Plot No. C/1, G Block
Bandra-Kurla Complex, Bandra (E)
Mumbai - 400 051

Dear Sir/Madam,

Sub: Newspaper Advertisement for the Record date for determining the eligibility of the shareholders for the payment of Interim Dividend for the financial year 2020-21
Ref : SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015

Pursuant to Regulation 30 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, please find enclosed e-copies of the newspaper advertisement published today i.e., 5th April, 2021 on the captioned subject. The advertisements were published in today's "Financial Express" (English – all editions) and "Sangbad Pratidin" (Bengali – Kolkata edition).

Request you to please take the above information on records.

Thanking You

Yours faithfully,
For Britannia Industries Limited

T.V Thulsidass
Company Secretary
Membership No.: A20927

BRITANNIA INDUSTRIES LIMITED Bangalore

Encl: As above

Britannia Industries Limited
Prestige Shantiniketan, The Business Precinct
Tower C, 16th & 17th floor, Whitefield Main Road
Mahadevapura Post, Bengaluru-560048
Fax No: 080 37687486, Board No: 080 37687100

Registered Office - 5/1A, Hungerford Street,
Kolkata - 700017, West Bengal.
CIN No.: L15412WB1918PLC002964
Email: investorrelations@britindia.com
Website: www.britannia.co.in
Tel No: 033 22872439/2057, Fax No: 033 22872501

PERSISTENT STRESS

Discoms' outstanding dues to power gencos rise 17% to ₹1.02L cr in Feb

PRESS TRUST OF INDIA
New Delhi, April 4



Discoms in Rajasthan, Uttar Pradesh, J&K, Telangana, Andhra, Karnataka, Maharashtra, Jharkhand, Haryana and Tamil Nadu account for the major portion of dues to power gencos, data showed

TOTAL DUES OWED by electricity distribution companies to power producers rose nearly 17% to ₹1,02,684 crore in February this year, reflecting persistent stress in the sector.

Distribution companies (discoms) owed a total of ₹87,888 crore to power generation firms in February 2020, according to portal PRAAPTI (Payment Ratification And Analysis in Power procurement for bringing Transparency in Invoicing of generators). However, total outstanding dues of discoms towards power generation firms in February slightly dipped from ₹1,03,116 crore in January this year and ₹1,02,676 crore in December 2020.

The PRAAPTI portal was launched in May 2018 to bring in transparency in power purchase transactions between generators and discoms.

In February 2021, the total overdue amount, which was not cleared even after 45 days of grace period offered by generators, stood at ₹91,549 crore as against ₹73,867 crore in same month a year ago.

The overdue amount stood at ₹92,120 crore in January 2021 and ₹93,599 crore in December 2020.

Power producers give 45 days to discoms to pay bills for electricity supply. After that, outstanding dues become overdue and generators charge penal interest on that in most cases.

To give relief to power generation companies (gencos), the Centre enforced a payment security mechanism from August 1, 2019. Under this mechanism, discoms are required to open letters of credit for getting power supply.

The Central government had also given some breathers to discoms for paying dues to power generating companies in view of the Covid-19-induced lockdown. The government had also waived penal charges for late payment of dues in the directive.

In May, the government announced ₹90,000 crore liquidity infusion for discoms under which these utilities would get loans at economical rates from Power Finance Corporation (PFC) and REC. This was a government initiative to help gencos to remain afloat. Later, the liquidity infusion package was increased to ₹1.2 lakh crore and further to ₹1.35 lakh crore.

Last month, Power Minister R K Singh had said in a written reply to the Rajya Sabha that "so far, loans of ₹1,35,497 crore have been sanctioned (under the liquidity infusion scheme and ₹46,321 crore has been released to states/Discoms by REC and PFC (Power Finance Corporation)".

The minister had also explained to the House that due to the consequent nationwide lockdown, the revenues of the power distribution companies (discoms) nosedived, as people were unable to pay for electricity consumed.

Discoms in Rajasthan, Uttar Pradesh, Jammu & Kashmir, Telangana, Andhra Pradesh, Karnataka, Maharashtra, Jharkhand, Haryana and Tamil Nadu account for the major portion of dues to power gencos, the data showed. Overdue of independent power producers amount to 46.31% of the total overdue of ₹91,549 crore of discoms in February.

SBI Card sees over 50% transaction via online payments: CEO Amara

PRESS TRUST OF INDIA
New Delhi, April 4

MD and CEO Rama Mohan Rao Amara

SBI CARDS AND Payment Services (SBI Card) has been seeing over 50% of its transactions via online payments such as on groceries, utility bills, insurance premium, and hopes the trend to go up further as point of sale purchases are yet to pick up, top company executive said.

Keeping a watch on the recent coronavirus resurgence in the country across some key locations, SBI Card MD and CEO Rama Mohan Rao Amara said it would be too early to say whether it will have any bearing on people's purchasing behaviour.

However, online payments is a trend which is going to go up further, he added.

"Particularly within SBI Card, now, more than 53% of the spends actually come from online payments which used to be around 44% earlier. Almost 9 percentage points improvement is there mainly in terms of the categories like for groceries, apparel, utility bill payment, insurance premium, online education," Amara told *PTI* in an interview.

He added that for these kind of categories, suddenly the company has seen kind of an increase in spends online. "We believe (it) will remain online because once people get used to the comfort of it, they will continue with that. So, Covidor no-Covid, it will not impact that."

However, he said the point of sale (PoS) locations have not opened that well, as and when the footfall increases, there will be a pick-up there also.

The pure-play card company is also seeing an emerging trend of securing more customers from non-metro locations. It is also banking on its parent company SBI's huge customer base to expand further.

Maybe till 5-6 years ago, tier-I locations were contributing majorly to the credit card industry growth.

IL&FS receives ₹693-crore settlement claims from NHAI for two projects

PRESS TRUST OF INDIA
Mumbai, April 4



IL&FS TRANSPORTATION NETWORKS (ITNL), a subsidiary of IL&FS, on Sunday said it has received a settlement amount of ₹673 crore for Kiratpur Ner Chowk Expressway (KNCEL) and ₹20 crore towards claims for Chenani Nashri Tunnelway (CNTL), from the National Highways Authority of India (NHAI).

The amount was received on March 31, Infrastructure Leasing and Financial Services (IL&FS) said in a statement.

The KNCEL project was foreclosed under the Ministry of Road Transport and Highways (MoRTH) guidelines of March 2019 for incomplete or stalled projects.

CNTL is a completed project, earning annuities, and the ₹19.6 crore is the claim amount towards change of scope, the statement said.

It said Fagne Songadh Expressway (FSEL), a 100% subsidiary of ITNL, had earlier completed its settlement with NHAI under the new MoRTH policy on stuck-up projects receiving an amount of ₹707 crore.

Other IL&FS projects settled under claims and compensation by NHAI till date include Jorabat Shillong Expressway (JSEL) ₹252 crore; Baleshwar Kharagpur Expressway (BKEL) (₹8 crore); and ITNL Road Infrastructure Development Company (IRIDCL) (₹144 crore) that was settled by MoRTH.

The group further said there is a pending settlement of ₹902 crore for the Khed Sinnar Expressway project and ₹171 crore for Amravati Chikli Expressway from NHAI.

FSEL, KNCEL and IRIDCL have been handed over to NHAI and MoRTH post settlement of claims, it said adding that BKEL will form part of the infrastructure investment trust (InvIT) that will include 11 Road projects in two phases.

"Between FSEL, KNCEL, IRIDCL - IL&FS would be addressing an aggregate debt of Rs 3500 crore through NHAI and MoRTH settlements," the statement said.

Chhattisgarh: Bodies of 20 jawans recovered; toll at 22

PRESS TRUST OF INDIA
Raipur, April 4



A paramilitary soldier, injured in an encounter with Maoist rebels, is being treated at a hospital in Bijapur district of Chhattisgarh on Sunday PTI

POLICE RECOVERED BULLET-RIDDLED bodies of 20 jawans in the jungles of Chattisgarh Sunday, raising to 22 the number of security personnel killed in a fierce gunbattle with Naxals the previous day — the biggest massacre in more than a year that also left 31 injured.

Police had on Saturday said five security personnel were killed in the encounter and 18 were missing. Two of the five bodies were recovered on Saturday itself, they had said.

The remaining three bodies and also the bodies of 17 of the 18 missing jawans were recovered on Sunday, police said, adding a search operation is underway to trace the missing jawan.

The dead include eight from the District Reserve Guard (DRG), seven from the CRPF's Commando Battalion for Resolute Action (CoBRA), six from the Special Task Force and one from the 'Bastariya' battalion of the CRPF," Inspector General of Police (Bastar range) Sundarraj P told *PTI*. The missing jawan belongs to the CoBRA unit, he said.

He said the anti-Naxal operation was launched based on the intelligence inputs about the presence of Maoists of PLGA (Peoples' Liberation Guerilla Army) Battalion No. 1 led by Hidma, a Naxal commander involved in many deadly attacks on security forces. He rubbished reports of "a meticulously planned Naxal ambush", adding, "Security forces fought bravely and inflicted a heavy blow to the ultras during the face-off".

Another senior police official said the Naxals, around 400 in number, were strategically positioned on a hillock in front of Tekalguda village and around it.

The security personnel came under heavy fire following which a few moved to the deserted village to take defensive positions where the Naxals lay in wait, the official said.

Visuals from the spot showed bodies of the slain jawans lying in the field and on the village streets. An eyewitness said the bodies of the security personnel had bullet wounds and also had wounds inflicted by sharp weapons.

Eighteen jawans were missing after five security personnel were killed on Saturday in the fierce gun battle with Naxals in a forest along the border between Bijapur and Sukma districts in Chhattisgarh, police said.

"On Sunday, bodies of 17 missing personnel were recovered during a search operation," the official said. Some weapons of the security forces were missing, he added.

In a major joint offensive, separate joint teams of security forces, comprising over 2,000 personnel, launched an anti-Naxal operation from Bijapur and Sukma districts in the South Bastar forests, considered as a Maoist stronghold, on Friday night.

MFs turn net buyers in March, invest ₹2,476 cr in equities

PRESS TRUST OF INDIA
New Delhi, April 4

MUTUAL FUNDS INVESTED ₹2,476 crore in equities in March, making it the first such infusion in 10 months, as consolidation in the market provided investment opportunities to fund managers.

Kaushlendra Singh Sengar, founder and CEO at INVEST19, said mutual funds (MFs) inflow in equities will be stagnant in near future.

Prior to the inflows, mutual funds (MFs) had been withdrawing money from equities since June 2020, data available with the Securities and Exchange Board of India (Sebi) showed.

"The markets were a bit volatile in March and at one point of time it was around minus 4-5% from the beginning of the month. If we see last few quarters, the market continued to surge and many investors were opting to book profits," Harshad Chetanwala, co-founder of Mywealthgrowth, said.

He further said some signs of consolidation in the market do give opportunities to fund managers to invest in good ideas if they find them attractive.

"While we will have to wait for industry body Amfi"s data on subscription and redemption, volatility in markets would have also paused the redemption till certain extent and hence the fresh flows also would have found its way in the market as well," he added.

Harsh Jain, co-founder and COO of Groww believes that the redemption pressure on mutual funds is reducing as the markets have remained consistent and there have been no major declines in the market despite the second wave. That might be helping with the investor's sentiments.

Many new opportunities are emerging in the stock markets as economic recovery of India takes shape and investors become more comfortable with the idea of investing in riskier assets like equities as opposed to traditional assets like FD, gold, he added.

According to Sebi data, MFs put in a net amount of ₹2,476.5 crore in equities in March.

FM Logistic India realty arm acquires 30 acre in Mumbai region from Lodha group for ₹106 crore

PRESS TRUST OF INDIA
New Delhi, April 4

FM LOGISTIC INDIA'S realty arm Batilogistic has purchased 30 acre of land in Mumbai region from Lodha Developers for ₹106 crore to develop a warehousing project.

Batilogistic and Lodha group have signed a ₹106-crore deal to develop 30-acre land parcel at Palava Industrial and Logistics Park for FM Logistic India, with a total development potential of around 1 million sq ft of warehousing space.

The park is located at Thane district in Mumbai Metropolitan Region (MMR). Mumbai-based Lodha Developers, which has now been renamed as Macrotech Developers, is launching its IPO on April 7 to raise up to ₹2,500 crore. This deal is part of FM Logistic India's plan to invest $150 million in warehousing activities in India announced in 2019.

Batilogistic will undertake the development of this land parcel in phases over the next 3-4 years. This development is part of the 290-acre Palava Industrial and Logistics Park that also includes a joint venture between ESR and Lodha.

Commenting on the deal, Alexandre Amine Soufiani, MD - FM Logistic India, said, "We are committed to providing our customers with high value and high efficiency Grade A warehousing infrastructure." Globally, he said, FM Logistic, in collaboration with Batilogistic, is a pioneer in developing and maintaining Grade A warehousing facilities that provide cutting edge supply chain technologies to customers. "Through our association with the Lodha Group we will gain significant presence to service the neighbouring industrial areas of Thane, Navi Mumbai and Kalyan."

Shaishav Dharia, CEO, Townships and Rental Assets, Lodha, said, it look forward to enhance the infrastructure and ecosystem for logistics and industrial set-ups in the region. "Our association will go a long way towards achieving our vision of developing an industrial city and enhancing the economy and jobs at Palava," he said.

হাথরসের খবর করা ঘিরে সঙ্কটে সাংবাদিক

কাপ্পানের বিরুদ্ধে ইউএপিএ ধারায় চার্জশিট যোগী প্রশাসনের

নয়াদিল্লি: হাথরসের নৃশংস গণধর্ষণের খবর প্রকাশ্যে এনে বিপাকে সাংবাদিক। কেরলের সেই সাংবাদিক সিদ্দিকি কাপ্পানের বিরুদ্ধে সন্ত্রাসবাদী কাজকর্মে যুক্ত থাকার অভিযোগে ইউএপিএ ধারায় মামলা দায়ের করেছে উত্তরপ্রদেশে যোগী আদিত্যনাথ সরকার। সম্প্রতি তাঁর বিরুদ্ধে পাঁচ হাজার পাতার চার্জশিট আদালতে জমা দিয়েছে উত্তরপ্রদেশ পুলিশ। সন্ত্রাসী কার্যকলাপ প্রতিরোধ আইন, তথ্যপ্রযুক্তি আইন-সহ একাধিক গুরুতর ধারায় মামলা দায়ের করা হয়েছে। পাশাপাশি কাপ্পান সাম্প্রদায়িক অশান্তি বাধানোর চেষ্টা করেছিলেন বলেও অভিযোগ আনা হয়েছে।

সাংবাদিকদের আইনজীবী মধুবন দত্ত চতুর্বেদী বলেছেন, "পাঁচ হাজার পাতার চার্জশিটের কথা শুনেছি। তবে তা এখনও হাতে পাইনি। চার্জশিটে ঠিক কী কী রয়েছে, তা দেখার পরই আমরা আমাদের পরবর্তী পদক্ষেপ ঠিক করব।" সবমিলিয়ে হাথরাস কাণ্ডে এখনও পর্যন্ত সাত জন সাংবাদিককে গ্রেফতার করা হয়েছে। ইউপি পুলিশের দাবি, তাঁদের গতিবিধি ছিল সন্দেহজনক। সিদ্দিকি কাপ্পান উগ্রপন্থী সংগঠন পপুলার ফ্রন্ট অব ইন্ডিয়ার সদস্য বলেও দাবি করেছে পুলিশ। উল্লেখ্য, গত অক্টোবর মাসেই গ্রেফতার করা হয় তাঁকে। তার পর থেকেই কাপ্পান ও ধৃত অন্য সাংবাদিকরা মথুরা জেলে বন্দি রয়েছেন।

যোগী আদিত্যনাথ সরকার জানিয়েছে, সংবাদপত্রের কর্মী হিসাবে পরিচয় দিয়েছিলেন সিদ্দিকি। কিন্তু তিনি আদতে সাংবাদিক নন। কেরলের যে সংবাদপত্রের সাংবাদিক হিসাবে নিজের পরিচয় দিয়েছেন কাপ্পান, তা দু'বছর আগেই বন্ধ হয়ে গিয়েছে। বিশৃঙ্খলা সৃষ্টির জন্যই হাথরাসে গিয়েছিলেন। সিদ্দিকির পাশে দাঁড়িয়েছে কেরল ইউনিয়ন অব ওয়ার্কিং জার্নালিস্টস। তারা জানিয়েছে বেআইনিভাবে সাংবাদিকদের বন্দি করে রাখছে উত্তরপ্রদেশের পুলিশ। কেইউডব্লুজে-র পক্ষে সুপ্রিম কোর্টে আবেদন করে বলা হয়েছে, কোনও অবসরপ্রাপ্ত বিচারপতিকে দিয়ে গোটা ঘটনার নিরপেক্ষ তদন্ত করা হোক। সিদ্দিকি কাপ্পান পপুলার ফ্রন্ট ইন্ডিয়ার সদস্য বলে উত্তরপ্রদেশ পুলিশ যে দাবি করেছে, তা সম্পূর্ণ অসত্য এবং ভিত্তিহীন।

প্রসঙ্গত, গত বছর অক্টোবর মাসে উত্তরপ্রদেশের হাথরাসে এক দলিত কিশোরীকে গণধর্ষণ করা হয়। যে খবরে উত্তাল হয়ে ওঠে গোটা দেশ। কিশোরীর দেহ পরিবারের কাছ থেকে জোর করে নিয়ে পুড়িয়ে দেওয়ার অভিযোগ ওঠে পুলিশের বিরুদ্ধে। যে ঘটনায় গোটা দেশে তীব্র সমালোচিত হয় যোগী আদিত্যনাথের সরকার।

অসমের স্বাস্থ্যমন্ত্রীর মন্তব্য ঘিরে বিতর্ক

নির্বাচনী ময়দানে হিমন্ত বিশ্বশর্মা বললেন 'করোনা আর নেই'

গুয়াহাটি: "করোনা নেই অসমে, তাই মাস্ক পরার কোনও দরকার নেই।"

গোটা দেশে নতুন করে শুরু হয়েছে করোনা কাঁপন। কিন্তু অসমের স্বাস্থ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা মনে করেন, তাঁর রাজ্যে আর কোনও করোনা নেই। শনিবার তাঁর এই মন্তব্যের জেরে শুরু হয়েছে তুমুল বিতর্ক। নেট দুনিয়া থেকে রাজ্য রাজনীতি- হিমন্তের এই মন্তব্য ঘিরে পাল্টা সমালোচনার ঝড় উঠেছে। টুইটারে পাল্টা কটাক্ষ করেছেন শিবসেনা নেত্রী প্রিয়াঙ্কা চতুর্বেদী। তিনি লিখেছেন, "বিশ্ব তো বটেই এমনকী, এই প্রথম আমাদের দেশের কোনও স্বাস্থ্যমন্ত্রী বেশ গর্বের সঙ্গে নিজের রাজ্যকে করোনামুক্ত হিসেবে ঘোষণা করেছেন। মাস্ক পড়ার কোনও দরকার নেই বলেও দাবি করেছেন। আমার মনে হয় ওঁর এই ঘোষণায় বিশ্ব সাস্থ্য সংস্থাও অবাক হবে!"

নির্বাচনী প্রচারে গিয়ে অনায়াসেই অনুগামীদের সঙ্গে মিশে যাচ্ছেন অসমের স্বাস্থ্যমন্ত্রী। — পিটিআই

রাজনৈতিক মহলের দাবি, ভোট বড়ই বালাই। গত শনিবারই হিমন্তের উপর থেকে প্রচারে নিষেধাজ্ঞা প্রত্যাহার করেছে নির্বাচন কমিশন। আর সেই দিনেই করোনা নিয়ে অসমের স্বাস্থ্যমন্ত্রীর এহেন মন্তব্য। গত শনিবার স্থানীয় এক পোর্টালকে দেওয়া সাক্ষাৎকারে হিমন্তের এই মন্তব্যের পরেই অসমে নতুন করোনা আক্রান্তের সংখ্যা ৬৮ হয়েছে। ওই পোর্টালকে রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী দাবি করেছিলেন, "অসমের কোনও জায়গায় আর কোনও করোনার ছাপ নেই। তাই আমি মনে করি মাস্ক পরার কোনও দরকার নেই। যদি আবার মাস্ক পরতেই হয়, তা-হলে আমি সবাইকে বলে দেব।"

ভাঙছেন কিন্তু মচকাচ্ছেন না অসমের স্বাস্থ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা। রবিবার পাল্টা টুইট করে নিজের মন্তব্যের পক্ষে যুক্তি দিয়েছেন তিনি। হিমন্তের টুইট, "করোনা নিয়ে যাঁরা আমার মন্তব্য হাসছেন, তাঁদের আমি বলতে চাই একবার অসমে আসুন। দেখে যান এখানে করোনা আছে কি না। আমি বলতে চেয়েছি দিল্লি, মহারাষ্ট্র, কেরলের তুলনায় অসমে করোনা আছে কি না। এই বছর আমরা বড় করে বিহু পালন করব।"

হিমন্ত এই যুক্তিতেও ভিজছে না বিরোধীদের মন। তাদের অভিযোগ, রাজ্যের শেষ দফার ভোটে করোনা আবহ উড়িয়ে ভোটারদের প্রভাবিত করার চেষ্টা করেছেন রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী। তাই রাজ্যে করোনা নেই বলে এই 'অদ্ভুত' যুক্তি দিয়েছেন। বিরোধীদের দাবি, যেখানে করোনা নিয়ে চিন্তিত স্বয়ং প্রধানমন্ত্রী, সেখানে করোনা নিয়ে এমন 'হাস্যকর' দাবি কী ভাবে করতে পারেন অসমের স্বাস্থ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা।

বিশেষজ্ঞদের দাবি, করোনা রুখতে কেরলে পর যে রাজ্যের নাম আসে, তা হল অসম। তা-বলে রাজ্য থেকে করোনা একেবারে চলে গিয়েছে এমনটা নয়। কারণ, দ্বিতীয় দফায় রাজ্যে করোনা ছড়াচ্ছে নতুন নতুন জায়গায়। দিনের পর দিন বাড়ছে আক্রান্তের সংখ্যা।

মহারাষ্ট্রে একদিনে আক্রান্ত ৫৭ হাজারের বেশি

ফের রাত কারফিউ, সপ্তাহান্তে জারি হতে পারে লকডাউন

মুম্বই: মহারাষ্ট্রের করোনা পরিস্থিতি ভয়াবহ। আগামী শুক্রবার থেকে রাজ্যে রাতের কারফিউ চালুর সিদ্ধান্ত নিল রাজ্য সরকার। শুক্রবার রাত আটটা থেকে চালু হবে কারফিউ। এই অবস্থায় প্রতিটা নাগরিককে আরও কঠিনভাবে মানতে হবে কোভিড বিধি।

আপাতত শুধুই সপ্তাহান্তে মহারাষ্ট্রে লকডাউন জারি করতে চলেছে রাজ্য সরকার। বাস, ট্যাক্সি, অটোতে ৫০ শতাংশ যাত্রী নিয়ে পরিবহণের কাজ চলবে। মাস্ক ঠিকমতো না পরলে জরিমানা ৫০০ টাকা। করোনার দ্বিতীয় ঢেউ সামাল দিতে ইতিমধ্যেই মহারাষ্ট্রের বড় বেশ কয়েকটি শহরে নাইট কারফিউ চালু হয়েছে। রাত আটটা থেকে সকাল সাতটা পর্যন্ত জরুরি পরিষেবা ছাড়া সিনেমা হল, রেস্তোরাঁ, শপিং মল বন্ধের নির্দেশ দিয়েছে মহারাষ্ট্র সরকার।

রবিবার সন্ধেবেলা বিরোধী নেতা ও প্রাক্তন মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিস এবং নবনির্মাণ সেনার রাজ ঠাকরের সঙ্গে বৈঠক করেন মুখ্যমন্ত্রী। সঙ্গে ছিলেন উদ্ধবের ক্যাবিনেট সদস্যরাও। কোভিড মোকাবিলায় বৈঠকে বিরোধী নেতাদের সহযোগিতা করার কথা বলেছেন। বৈঠক শেষে টুইটারে নবনির্মাণ সেনার তরফে একটি টুইট করা হয়। সেখানে তারা জানিয়েছে, লকডাউনের পরিস্থিতি এড়াতে সকলের সাবধানতা অবলম্বন করা উচিত। সেই সঙ্গে যদি সরকার ভাবে কোভিড মোকাবিলায় লকডাউন করতে হবে, তাহলে তাতেও সরকারকে সমর্থন করতে প্রস্তুত। এদিন মুখ্যমন্ত্রী উদ্ধব ঠাকরে জানান, এখনই হাসপাতালের বেড সংখ্যা কমতে শুরু করেছে। তাই গত বছর থেকে শিক্ষা নিয়েই তিনি রাজ্যবাসীর কাছে কোভিড বিধি মানার আর্জি জানিয়েছেন। রাজনৈতিক নেতাদের কাছে তিনি অনুরোধ করেন, এই সময় রাজনীতি ভুলে রাজ্যের সাধারণ মানুষের জন্য কিছু করতে হবে। বিরোধিতাই একমাত্র পথ নয়।

সাধারণ মানুষের জীবিকা ও রাজ্যের অর্থনীতির কথা বিবেচনা করে বিরোধী দল ও শিল্পপতিদের একাংশ মহারাষ্ট্রে লকডাউন জারির বিরুদ্ধে সরব। যার প্রতিবাদ করেছেন মুখ্যমন্ত্রী উদ্ধব ঠাকরে। তাঁর কথায়, 'যাঁরা রাস্তায় নামবেন বলছেন তাঁদের অবশ্যই রাস্তায় নামা উচিত। তবে লকডাউনের বিরুদ্ধে নয়, বরং লকডাউন এড়াতে, চিকিৎসকদের সহায়তা করার জন্য, যাঁদের জীবিকা প্রশ্নের মুখে তাঁদের পরিবারকে সহায়তার জন্য, সংক্রমিতদের সেবা করতে এবং ভাইরাসের বিরুদ্ধে লড়াইয়ে প্রশাসনকে সাহায্যের জন্য।'

মাও-ফাঁদে হত ২২

মাও-হামলার খবর পেয়েই নির্বাচনী প্রচার ফেলে রাজধানীতে ফিরলেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। বসলেন নিরাপত্তা বিষয়ক বিশেষ বৈঠকে।

একের পাতার পর

চারশো জওয়ানের বাহিনীকে জঙ্গলের নিরাপদ জায়গা থেকেই আক্রমণ করেছে মাওবাদীরা। মনে করা হচ্ছে, জঙ্গলে বাহিনী প্রবেশের আগেই মাওবাদীদের অস্ত্রশস্ত্র নিয়ে প্রস্তুত ছিল নিরাপদ জায়গায়। সিআরপিএফ-এর ডিজি কুলদীপ সিং জানিয়েছেন, "এই ধরনের অস্ত্র আগেও ব্যবহার করেছে মাওবাদীরা। কিন্তু এবার আক্রমণের তীব্রতা ছিল অনেক বেশি। শহিদ জওয়ানদের অধিকাংশই আহত হয়েছেন লাইট মেশিনগানের গুলিতে। তাদের অত্যন্ত সাহসিকতা এবং দক্ষতার সঙ্গে পাল্টা জবাব দিয়েছে। এই ঘটনায় কমপক্ষে ২৫ থেকে ৩০ জন মাওবাদীর মৃত্যু হয়েছে।" গভীর রাতে এমনটাই দাবি সিআরপিএফের ডিজির। তিনি বলেন, "অন্তত তিনটি ট্রাক্টরে করে মাওবাদীরা তাদের মৃত সদস্যদের দেহ এবং গুরুতর আহতদের সরিয়ে নিয়ে গিয়েছে। এর থেকেই বোঝা যায় মাওবাদীদের ক্ষয়ক্ষতির পরিমাণ।" মাওবাদীদের হামলার তীব্রতায় কৌশলগত কারণে প্রাথমিকভাবে কিছুটা পিছু হঠে বাহিনী। পরে প্রায় দু'হাজার জওয়ানের প্রবল আক্রমণের মুখে পড়ে পালিয়ে যায় মাওবাদীরা।

ছত্তিশগড় পুলিশের এক শীর্ষ আধিকারিক জানিয়েছেন, নিষিদ্ধ সিপিআই (মাওবাদী)-র প্রায় সাড়ে তিনশো সশস্ত্র সদস্য এবং প্রায় আড়াইশো জন মিলিশিয়া সদস্য অর্থাৎ প্রায় ছ'শো জনের মুখোমুখি হতে হয় চারশো জনের স্পেশাল ফোর্সকে। তিন দিক থেকে আক্রমণ করে মাওবাদীরা। নিষিদ্ধ পিপলস লিবারেশন গেরিলা আর্মির সদস্যরা ছিল সামনের সারিতে। কয়েকজন মাওবাদীর মৃতদেহ উদ্ধার করেছে নিরাপত্তা বাহিনী। তাদের মধ্যে সুরেশ এবং ভিক্কি নামে দু'জনকে শনাক্ত করা গিয়েছে। আরও এক মহিলার দেহ উদ্ধার হয়েছে, যার হাতে ছিল ইনসাস রাইফেল।

ছত্তিশগড় পুলিশের ডিজি ডি এম অবস্থি বলেছেন, "সিলজার জঙ্গলের তেকুলগুম গ্রামে মাওবাদী কমান্ডারদের একত্রিত হওয়ার নিশ্চিত খবর ছিল আমাদের কাছে। তার ভিত্তিতেই অপারেশন চালানো হয়েছিল।" ২০১৩ সালে ঝিরামঘাটি হামলা-সহ একাধিক নাশকতার মাস্টার মাইন্ড তথা মাওবাদীদের সশস্ত্র বাহিনীর শীর্ষ নেতা মাদভী হিদমার উপস্থিতি উদ্বেগ বাড়িয়েছিল নিরাপত্তা আধিকারিকদের। শনিবার দুপুরে মাওবাদী দমনে বিশেষ অভিযান শুরু করে নিরাপত্তা বাহিনী। বিজাপুর এবং সুকমা জেলার সীমানায় দক্ষিণ বস্তারের জঙ্গলে শুরু হয় বিশেষ অপারেশন। সিআরপিএফ, কোবরা, এসটিএফ এবং ডিআরজির যৌথ বাহিনীর প্রায় দু'হাজার জওয়ান ঘিরে ফেলেন মাওবাদীদের মুক্তাঞ্চল। রায়পুর থেকে চারশো কিলোমিটার দূরের এই এলাকা দীর্ঘদিন ধরে মাওবাদী অধ্যুষিত।

সম্প্রতি মাওবাদীদের হিংসাত্মক সক্রিয়তা বৃদ্ধি পাওয়াতেই স্পেশাল অপারেশনের পরিকল্পনা করা হয়।

দিনদশেক আগেই গোপন সূত্রে নিরাপত্তা আধিকারিকরা খবর পান, অন্যতম শীর্ষ নেতা মাদভী হিদমার নেতৃত্বে মাওবাদীরা বড় ধরনের নাশকতার পরিকল্পনা করছে। শুক্রবারই নারায়ণপুর জেলায় ডিস্ট্রিক্ট রিজার্ভ গার্ড ডিআরজি-র একটি বাসে হামলা চালায় মাওবাদীরা। কাদেনার থেকে কানহারগাঁও যাওয়ার পথে আইইডি বিস্ফোরণে শহিদ হন পাঁচ ডিআরজি জওয়ান। আহত হন ১৪জন জওয়ান। গত বৃহস্পতিবারও সুকমায় বিস্ফোরণ ঘটানোর আগেই গ্রেফতার হয় তিন মাওবাদী। এর পরই শনিবার থেকে বিশেষ অপারেশনে নামে নিরাপত্তা বাহিনী।

বিজাপুর সংঘর্ষ নিয়ে উঠছে প্রশ্ন

জওয়ানদের ফাঁদে ফেলা কে এই হিদমা

রায়পুর: নামটা তেমন পরিচিত নয়। গোয়েন্দাদের কাছে এই অনামা মাথাটিই দামি। চল্লিশ লক্ষ টাকা। তার হাতেই নাকি বদলেছে মাওবাদী ঘরানা। যার প্রমাণ রবিবারের বিজাপুর। সকাল থেকেই যে নামটা শিরোনাম কেড়ে নিয়েছে। মাদভী হিদমা।

গোয়েন্দা তথ্য অনুযায়ী বছর চল্লিশের হিদমার মাওবাদী হিসাবে হাতেখড়ি নব্বইয়ের দশকে, যখন সে নিছকই কিশোর। দিন যত গড়িয়েছে, গেরিলা বাহিনীর দক্ষ প্রশাসক হিসাবে নিজেকে প্রতিষ্ঠা করেছেন এই মাওবাদী নেতা। তার হাতেই তৈরি হয়েছে, সুকমা অঞ্চলের একাধিক গেরিলা নেতা। যার মধ্যে মহিলাদের সংখ্যা বেশি। গত কয়েক বছরে এই হিদমার হাতেই বেড়েছে মাওবাদীদের রণকৌশল। 'ট্যাক্টিক্যাল কাউন্টার অফেন্সিভ ক্যাম্পেন' মাও অভিযানে যা 'টিসিওসি' নামেই পরিচিত। মাও-হামলায় এই ঘরানাই সুকমার জঙ্গলের 'মাস্টারমাইন্ড' মাদভী হিদমা। এ হেন হিদমা সম্পর্কে গোয়েন্দাদের কাছে খবর ছিল বেশ কয়েক বছর আগে থেকে। কিন্তু তার টিকি পর্যন্ত

সহকর্মীদের কাঁধে সওয়ার হয়ে শেষ যাত্রায় শহিদ জওয়ানরা। রবিবার বিজাপুরে।(ইনসেটে) হামলার 'মাস্টারমাইন্ড' মাদভী হিদমা— পিটিআই

ছুঁতে পারেনি আধাসেনা। বিশেষ করে দ্রুত কৌশল বদলে পারদর্শী হিদমাকে ধরতে বারবার বেগ পেতে হয়েছে ছত্তিশগড় প্রশাসনকে। দণ্ডকারণ্য স্পেশাল জোন কমিটির এই মাও নেতার বিরুদ্ধে আছে একাধিক খুনের অভিযোগও। যা নিয়ে তদন্ত করছে এনআইএ-ও। ২১ জনের মাওবাদী কেন্দ্রীয় কমিটির সর্বকনিষ্ঠ সদস্য এই মাদভী হিদমা।

গত ১০ দিন ধরেই গোয়েন্দাদের কাছে খবর ছিল, বিজাপুরে লুকিয়ে রয়েছেন মাওবাদী এই শীর্ষ নেতা। সেই তথ্যের ভিত্তিতে অভিযানে নামে নিরাপত্তা বাহিনী। তবে মাওবাদীরা বিজাপুরের জঙ্গলে যেভাবে লড়ল এবং যে তথ্য পাওয়া যাচ্ছে, তাতে মনে করা হচ্ছে, হিদমার তথ্য দিয়ে ফাঁদে ফেলা হয়েছে জওয়ানদের। জওয়ানরা পৌঁছানোর আগেই মাওবাদীদের একটি দল ওত পেতে বসে ছিল এবং দীর্ঘ লড়াইয়ের প্রস্তুতি নিয়ে এসেছিল তারা। মাওবাদীরা এতটাই কাছে ছিল যে, এক জওয়ান বন্দুকের ম্যাগাজিন পরিবর্তন করার কয়েক মুহূর্তের মধ্যে এক মাওবাদী তার সামনে চলে আসে। এটাই 'টিসিওসি'। প্রথমেই ধারালো অস্ত্র দিয়ে জওয়ানের হাত কেটে দেয়। তারপর শরীর লক্ষ করে গুলি চালায়। যেভাবে হিদমার সম্পর্কে নানাজন কিংবা প্রযুক্তির সাহায্যে নির্দিষ্ট তথ্য পাওয়া যাচ্ছিল তা যথেষ্ট বিরল। আর ওই নির্দিষ্ট জায়গাতেই মাওবাদীরা যে ভাবে প্রতিরোধ গড়ে তোলে, তা দেখে মনে হচ্ছে, এটা নিশ্চিত একটা ফাঁদই ছিল।

বিজাপুরে মাও হামলা

শোকপ্রকাশ সোনিয়ার, শাহকে কং-কটাক্ষ

স্টাফ রিপোর্টার, নয়াদিল্লি : বিজাপুরে মাওবাদীদের আক্রমণে শহিদ জওয়ানদের শ্রদ্ধা জানালেন কংগ্রেস দলনেত্রী সোনিয়া গান্ধী-সহ দেশের বিরোধী নেতারা।

রবিবার এক লিখিত বিবৃতির মাধ্যমে ছত্তিশগড়ের শহিদদের শ্রদ্ধাঞ্জলি দেন কংগ্রেস সুপ্রিমো। ২২ শহিদকে তর্পণ করে তাঁদের পরিবারের প্রতি সমবেদনা জানান সোনিয়া। 'গোটা দেশ ২২ শহিদকে শ্রদ্ধা জানায়। তাঁদের আত্মত্যাগকে প্রণাম। পরিবারের প্রত্যেককে জানাই সমবেদনা...' বিবৃতিতে লেখেন তিনি। শুধু শ্রদ্ধা জানিয়েই থেমে থাকেননি সোনিয়া। ছত্তিশগড়ের কংগ্রেস সরকার মাওবাদীদের বিরুদ্ধে সিআরপিএফ-কে যাবতীয় সহায়তা করবে, সেই কথাও বলেন তিনি। একইসঙ্গে নিখোঁজ জওয়ানদের যেন দ্রুত খোঁজ পাওয়া যায়, সেই প্রার্থনাও করেন তিনি। সোনিয়া যখন শহিদদের প্রতি সহমর্মিতা জানাচ্ছেন, তখন কেন্দ্র, প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীকে কটাক্ষ করলেন কংগ্রেস মুখপাত্র রণদীপ সিং সুরজেওয়ালা। টুইটে লেখেন, 'মোদিজি, অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি, নির্বাচনী প্রচার ও বিরোধী রোধ করতে ব্যস্ত অমিত শাহজির কাছে মস্তক চালানোর সময় নেই। আশা করব বিষয়টি আপনি দেখবেন।' ছত্তিশগড়ের ঘটনায় শোকপ্রকাশ করেছেন অন্যান্য বিরোধী দলের নেতারাও।

জাভেদ-কঙ্গনা মামলা

রায় স্থগিত রাখল দায়রা আদালতে

নয়াদিল্লি : অভিনেত্রী কঙ্গনা রানাওয়াতের বিরুদ্ধে ফৌজদারি অবমাননার মামলা দায়ের করেছিলেন গীতিকার জাভেদ আখতার। মামলার প্রক্রিয়া চলছিল আন্ধেরির মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কোর্টে। পাল্টা সেই প্রক্রিয়াকে চ্যালেঞ্জ জানান অভিনেত্রীও। কঙ্গনার দায়ের করা 'রিভিশন অ্যাপ্লিকেশন'-এর রায় স্থগিত রাখল মুম্বইয়ের দিন্দোশির দায়রা আদালত।

নিজের আবেদনে কঙ্গনা আন্ধেরি মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কোর্টের বিচারক আর আর খানের দেওয়া ২০২১ সালের ১ ফেব্রুয়ারির রায়ের

কঙ্গনার দায়ের করা 'রিভিশন অ্যাপ্লিকেশন'-এর রায় স্থগিত রাখল মুম্বইয়ের দিন্দোশির দায়রা আদালত

আইনি ভিত্তি এবং যথার্থতা নিয়েই প্রশ্ন তুলে রায়কে চ্যালেঞ্জ করেছেন। অভিনেত্রীর আইনজীবী, রোয়ান সিদ্দিকি এবং আখতারের আইনজীবী জয় ভরদ্বাজের বক্তব্য শুনে দিন্দোশি আদালতের অতিরিক্ত দায়রা বিচারক, এস ইউ বাঘেল শেষ পর্যন্ত রায় স্থগিত রাখার সিদ্ধান্ত নেন। প্রসঙ্গত, মার্চ মাসেও এই দায়রা আদালত কঙ্গনার বিরুদ্ধে জামিনযোগ্য পরোয়ানা জারি করেছিল। কিন্তু পরে অভিনেত্রী ম্যাজিস্ট্রেট কোর্টে সেই পরোয়ানা বাতিলের আবেদন দায়ের করেন। ২৫ মার্চ আদালত সেই জামিন নাকচ করে দেয়, যখন অভিনেত্রী নগদ ১৫,০০০ টাকার জামানত এবং ২০,০০০ টাকার নগদ জামানত জমা দেন। তাৎপর্যপূর্ণভাবে, আখতারের দাবি ছিল, কঙ্গনা কিছু মিথ্যা এবং বিদ্বেষপূর্ণ মন্তব্য করেছেন, যা প্রকাশ্যে আখতারের ভাবমূর্তি ক্ষুণ্ণ করেছিল।

সংক্রমণ বৃদ্ধি ঠেকাতে দরকার মাইক্রো লকডাউন, ভ্রমণে রাশ, মত গুলেরিয়ার

নয়াদিল্লি : দেশে কোভিড সংক্রমণের যে বিপুল বৃদ্ধি বর্তমানে পরিলক্ষিত হচ্ছে, তাকে নিয়ন্ত্রণে আনতে দরকার নতুন কলা-কৌশল। আর এই তালিকায় থাকতে পারে 'মাইক্রো লকডাউন', বিধিনিষেধ জারি করে ভ্রমণে রাশ টানার মতো একাধিক বিষয়। এমনটা মনে করেন দিল্লির এইমসের প্রধান ডা. রণদীপ গুলেরিয়া। গুলেরিয়ার মতে, "আমাদের সবার আগে কোভিড সংক্রমণের বাড়বাড়ন্ত কমিয়ে আনতে উদ্যোগী হতে হবে। এর জন্য নতুন কলাকৌশল দরকার। কনটেনমেন্ট জোন, লকডাউন এলাকা ঘোষণার পাশাপাশি করোনা পরীক্ষার হার বাড়ানো, ট্রেসিং এবং আইসোলেশনে আরও বেশি জোর দেওয়ার উপর জোর দিতে হবে।" ডা. গুলেরিয়ার মতে, সংক্রমণকে নিয়ন্ত্রণ করতে 'মাইক্রো লকডাউন'-ও জরুরি।

এইমস প্রধান জানিয়েছেন, "আমাদের এমনভাবে উদ্যোগী হতে হবে যাতে এর ফলে দেশের অর্থনীতি কোনওভাবে ধাক্কা না খায়। এর একটি গুরুত্বপূর্ণ অংশ হল জরুরি নয়, এমন সফর বন্ধ করা। দেশবাসী এই পরিস্থিতিতে তাদের ছুটিতে ঘুরতে যাওয়া প্রভৃতি কিছু সময়ের জন্য বন্ধ রাখতে পারে। এতে সেই সব জায়গায় সংক্রমণের প্রসার আরও কম আসবে, যেখানে এমনিতেই বেশি সংক্রমণ নেই। আর এটা একটা বড়সড় পরিবর্তন আনবে। কারণ এই ঘুরতে যাওয়া শুধু বিমানের মাধ্যমে বলছি না। এতে ট্রেন ও সড়কপথে ঘুরতে যাওয়াও রয়েছে, যদি সামগ্রিকভাবে বিষয়টিকে বিশ্লেষণ করে দেখেন।" তবে যে অংশে সংক্রমণ ক্রমশ বাড়ছে, সেখানেও নিয়ন্ত্রণের জন্য উদ্যোগ নেওয়া জরুরি বলে জানিয়েছেন গুলেরিয়া। আর তার জন্য তাঁর দাওয়াই, আরও বেশি করে কোভিড পরীক্ষা এবং জিনোম সিকোয়েন্সিংয়ের ব্যবস্থা করা।

শুভেন্দুর নয়া অভিযোগ, টেপ বিতর্কে

একের পাতার পর

পুলিশ অফিসার অশোক মিশ্র-সহ এই র‍্যাকেট।" তিনি বলেন, "আমি নিজে একাধিকবার অভিযোগ করেছিলাম, কোল মাফিয়া অনুপ মাজি ওরফে লালা এই র‍্যাকেটটা চালান। পুলিশের একটা অংশ, যাঁদের ভাইপো পোস্টিং করান তাঁর পিসিমণিকে দিয়ে নবান্নকে ব্যবহার করে, সেই পুলিশের আধিকারিকরা এই কয়লা, বালি, গরু পাচার র‍্যাকেটে যুক্ত। তৃণমূল নেতারা এ নিয়ে রাজনৈতিকভাবে বক্তব্য রাখলেও, বিনয় মিশ্র ও এই র‍্যাকেট সম্পর্কে উত্তর এড়িয়ে গিয়েছেন। তখন বলা হয়েছিল রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে এগুলো বলা হচ্ছে।" শুভেন্দুবাবুর কথায়, "গতকালের অডিও টেপ সামনে আসার পর প্রমাণ হয়ে গিয়েছে, যে এটা রাজনৈতিক উদ্দেশ নিয়ে বা নির্বাচনের সময় বলে নয়। পশ্চিমবঙ্গে ইতিহাসে রাজ্য সরকারের মদতপুষ্ট সবথেকে বড় ম্যালপ্র্যাকটিসেস অ্যান্ড করাপশন বাই দ্য ব্লেসিংস অফ দ্য অনারেবল চিফ মিনিস্টার অফ ওয়েস্ট বেঙ্গল মিস মমতা ব্যানার্জি অ্যান্ড হার নেফিউ। হি ইজ দ্য মেইন আর্কিটেক্ট। বাকিরা সাপ্লায়ার।"তাঁর অভিযোগ, গ্রেফতার হওয়া অশোক মিশ্র এসকর্ট ভ্যানে এই টাকা পৌঁছে দিতেন।

শুভেন্দুবাবুর আলোড়ন ফেলে দেওয়া এই অভিযোগ শোনার পরই পাল্টা সুর চড়িয়ে আক্রমণে সরব হয়েছে তৃণমূল কংগ্রেস। এ প্রসঙ্গে দলের সিনিয়র মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায়ের বক্তব্য, "যে অডিও ক্লিপটি ছড়িয়েছে, তাতে কে বা কারা কথা বলছেন, স্পষ্ট নয়। কী বিষয়ে কথা বলছিলেন তাও বোঝা যায়নি। কেউ পরীক্ষা করে এ বিষয়ে এখনও স্পষ্টভাবে কিছু বলতে পারেননি।" তাঁর কটাক্ষ, "আসলে একটা তৈরি করা গল্পকে বাজারে ছাড়া হয়েছে। বিজেপি নিজেদের হার বুঝতে পেরে এভাবে কুৎসা করছে।" শুভেন্দুকে বিঁধেছেন দলের মুখপাত্র কুণাল ঘোষও। তিনি বলেন, "বিজেপি ওঁকে ভাড়াটে কুৎসাকারী হিসাবে ব্যবহার করছে। উনি কি ভুলে গিয়েছেন, তৃণমূলে থাকাকালীন বাঁকুড়া, পুরুলিয়ায় এক সময় পর্যবেক্ষক ছিলেন। ওই সব জায়গা এতদিন তাঁরই দায়িত্বে ছিল? মমতা তো সেসব জায়গা দেখতেন শুভেন্দুর চোখ দিয়ে। তখন বলেননি কেন? এখন বিজেপিতে গিয়ে তাঁর এসব মনে হচ্ছে?"

যে টেলিফোন কথোপকথনের অডিও ক্লিপিংটি হাতিয়ার করে শুভেন্দুর এই অভিযোগ, সেটি শনিবার রাতে সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়ে। যদিও এই ক্লিপের সত্যতা সংবাদ প্রতিদিন যাচাই করেনি।



সাংবাদিক বৈঠকে শুভেন্দু অধিকারী ও অমিত মালব্য। রবিবার কলকাতায়।

বিজেপির দাবি, এই কথোপকথন ব্যবসায়ী গণেশ বাগাড়িয়া ও কয়লা কাণ্ডে জড়িত বিনয় মিশ্রর। অডিও ক্লিপে অভিষেক বন্দ্যোপাধ্যায়কে নিয়ে আলোচনা শোনা গিয়েছে। ওই রেকর্ডিং অনুযায়ী, কয়লা পাচারের টাকা পাঠানো হত অভিষেককে। আগে কয়লা পাচার বাবদ মাসে ১৫ থেকে ২০ কোটি টাকা যেত। এখন সেটা মাসিক প্রায় ৩৫ থেকে ৪০ কোটি টাকা হয়েছে।

মমতার দাবি খারিজ, পক্ষপাত

একের পাতার পর

একইসঙ্গে তিনি বলেছেন, "কমিশনের এই ধরনের চিঠির কোনও জবাব হয় না। আমরা যে পরিমাণ অভিযোগ জানিয়েছি, ওরা আগে তার কিছু জবাব দিক। আরও কিছু চিঠি পাঠাক। তার পর দেখা যাবে।"

তৃণমূলের অভিযোগ খারিজ করে আবার পাল্টা প্রতিক্রিয়া দিয়েছে বিজেপি। বিজেপি রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য বলেছেন, "তৃণমূল যদি কমিশনকে পক্ষপাতদুষ্ট বলে থাকে তবে বুঝতে হবে কমিশনের উপর তাদের ভরসা নেই। তার মানে সংবিধানেও ভরসা নেই। যুক্তরাষ্ট্রীয় কাঠামোতেও ভরসা নেই।" একইসঙ্গে তাঁর বক্তব্য, "আমরা নির্বাচন কমিশন কী বলেছে তা নিয়ে কোনও কথা বলব না। তবে মানুষ কী বলে সেটাই দেখার। আমার মনে হয় মানুষ যা বলার তা নন্দীগ্রামে বলে দিয়েছে।" এই প্রেক্ষিতেই নন্দীগ্রামে ভোট পরবর্তী অশান্তি নিয়ে কড়া ব্যবস্থার কথা জানিয়েছেন পূর্ব মেদিনীপুরের জেলা পুলিশ সুপার পার্থ ঘোষ। বলেছেন, নন্দীগ্রামে আইনশৃঙ্খলা ভাঙা হলে কসুর করা হবে না। কড়া ব্যবস্থা নেওয়া হবে। এ পর্যন্ত ভোট পরবর্তী সংঘর্ষে ১৪ জনকে গ্রেফতার করা হয়েছে। সংঘর্ষ বা পুলিশের গতিবিধি নিয়ে ভুয়া খবর ছড়ানো হলেও কড়া ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছে পুলিশ। বয়াল, ভেকুটিয়া-ভীমকাঁটা, ওসমানচক, আমদাবাদ, গোকুলনগর, সামসাবাদ, মহম্মদপুরে বিক্ষিপ্ত অশান্তিতে প্রায় তেরোটি বাড়ি ভেঙেছে। জখম হয়েছেন ২১ জন।